AME(ICT RTHD) 28/05/2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০২২.১৯.২১৫

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৭ মে ২০১৯

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুত প্রকল্পসমূহের এপ্রিল ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৩ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ শামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: shamimrafi1968@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮-৯। অতিরিক্ত সচিব (বাজেট/উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫-৬। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের এপ্রিল ২০১৯ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নজরুল ইসলাম<br>সচিব |
| সভার তারিখ | ২৩ মে ২০১৯ খ্রিস্টাব্দ |
| সভার সময় | দুপুর ১২.৩১ ঘটিকা |
| স্থান | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ... |

**১. উপস্থাপনা**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মপ্রধান সভায় জানান যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা মোট ৬০টি। প্রতিশ্রুতিসমূহের বিপরীতে ৭৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। জুন ২০১৮ পর্যন্ত ২৪টি প্রকল্প সম্পূর্নরূপে বাস্তবায়িত হয়েছে। ১৩টি প্রকল্প আংশিক বাস্তবায়ন করার প্রেক্ষিতে মাননীয় প্রধামন্ত্রীর প্রতিশ্রুত কার্যাদি সম্পন্ন হয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৩টি প্রকল্প চলমান রয়েছে। ৮টি প্রতিশ্রুতির বিপরীতে আংশিক বাস্তবায়নযোগ্য কাজ চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত হলেও এ বিভাগের সাথে সংশ্লিষ্টতা নেই বিধায় ৩টি প্রকল্প বাস্তবায়ন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং ১টি প্রতিশ্রুতি অন্য মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট বিধায় সে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ছে। যে সকল প্রকল্পের কিছু কাজ অবশিষ্ট রয়েছে সেগুলোকে আংশিক বাস্তবায়িত হিসেবে গণ্য করা হয়েছে।

**২. প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ**

| ক্রম/ প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের ডাটাবেইজ হালনাগাদকরণ | প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির বিপরীতে গৃহীত কার্যক্রম প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে নিয়মিত হালনাগাদ করা হয়। এ কার্যক্রম সংশ্লিষ্ট উইং/সার্কেল থেকে নিয়মিতভাবে করার জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) এ বিভাগাধীন মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।<br>(খ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে হালনাগাদ তথ্যাদি প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ উপপ্রধান (সওজ জিওবি) |
| ২.২ বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ | আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করে বাস্তবায়ন কাজ তরান্বিত করার নির্দেশনা দেয়া হয়। | আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যবহার নিশ্চিত করে বাস্তবায়ন কাজ তরান্বিত করতে হবে। | প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ পটুয়াখালা জেলার বাউফল উপজেলার বগা নদীর ওপর ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৪২) | গত ১৬-১০-২০১৭ তারিখে পত্র দিয়ে সেতুর Detail Design এবং Component wise Detail Engineer's Estimate প্রণয়নের জন্য চীনা কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে বাংলাদেশস্থ চীনা দূতাবাস জানায় যে, ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ কাজ দৃশ্যমান হওয়ার পর ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে দাতা সংস্থার সাথে ইতোমধ্যে একটি সভা হয়েছে। সেতুর মূল কার্যক্রম শুরু করার জন্য এ পর্যায়ে সম্ভাব্যতা যাচাইপূর্বক ডিজাইন এর কাজ সমাপ্ত করার পরামর্শ দেয়া হয়। | (ক) ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে অনুদান চুক্তি অনুযায়ী অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে এবং Feasibility Study ও Detailed Design সম্পন্ন করার জন্য চীন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) সেতুর মূল কার্যক্রম শুরু করার জন্য এ পর্যায়ে সম্ভাব্যতা যাচাইপূর্বক ডিজাইন এর কাজ সমাপ্ত করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং যুগ্মপ্রধান |
| ২.৪ মংলা নদীর উপর ঝুলন্ত ১০ম বাংলাদেশ চীন-মৈত্রী সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৩৭) | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ১০ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু হিসেবে মংলা সেতু সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় নির্মাণের জন্য ইআরডি হতে গত ২০/০৮/২০১৭ তারিখে চীন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। এ সেতুটিও পর্যায়ক্রমে চীনা অনুদানে নির্মিত হবে। অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। | অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং যুগ্মপ্রধান |
| ২.৫ বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর উপর ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (ঝপঝপিয়া সেতু) নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৩৮/খ) | The Plan of Special Assistance Project's of Bridge Construction শীর্ষক MoU ১৪/১০/২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু হিসেবে মংলা সেতু সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় নির্মাণের জন্য ইআরডি হতে গত ২০/০৮/২০১৭ তারিখে চীন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। এ সেতুটিও পর্যায়ক্রমে চীনা অনুদানে নির্মিত হবে। অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। | অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং যুগ্মপ্রধান |
| ২.৬ পটুয়াখালী জেলার দুমকী ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পান্ডব পায়রা নদীতে নলুয়া-বাহেরচর সেতু নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ৫০) | সেতুটি বৈদেশিক সহায়তায় নির্মাণের লক্ষ্যে PDPP প্রণয়ন করে পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদন গ্রহণান্তে ০১/০৩/২০১৬ তারিখে ইআরডি'তে প্রেরণ করা হয়েছে। এ বিভাগ থেকে Asian Infrastructure Investment Bank (AIIB)-এর অর্থায়নে বাস্তবায়নের জন্য ১৮/০২/২০১৬ তারিখে ইআরডিতে পত্র দেয়া হয়েছে। ০৩/০৮/২০১৭ তারিখে AIIB এর প্রতিনিধির সাথে আলোচনা সভা হয়। পাশাপাশি OFID এর অর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে গত ১/৮/২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে পিডিপিপি প্রেরণ করা হয়েছে। অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। | অর্থায়নসহ অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং যুগ্মপ্রধান |

| | | | |
|---|---|---|---|
| ২.৭•আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ<br>(প্রতিশ্রুতি ক্রম ১৪) | আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ প্রকল্পের আওয়ায় ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের মুল কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। | ভূমি অধিগ্রহণের কাজ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের মুল কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | সওজ অধিদপ্তর |
| ২.৮ সুনামগঞ্জ-মদনপুর-দিরাই-শাল্ল্যা- আজমিরীগঞ্জ- হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের শাল্ল্যা-জলশুকা অংশের সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম ২১/গ) | ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য নির্দেশনা দেয়া হয়। | ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সিলেট জোন |
| ২.৯ দুধকুমর নদীর ওপর একটি সেতু নির্মাণ<br>(প্রতিশ্রুতি ক্রম-১) | প্রকল্পটির টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। | প্রকল্পটির টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন |
| ২.১০ বগুড়া জেলা শহর থেকে জিয়াউর রহমান মেডিকেল কলেজে যাতায়াতের জন্য ১.৮৫ কি: মি: সড়ক নির্মাণ (প্রতিশ্রুতি ক্রম-৩) | ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করে বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। | ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করে বাস্তবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রংপুর জোন |
| ২.১১ বগুড়া জেলার ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের জন্য রাস্তাঘাট উন্নয়ন (প্রতিশ্রুতি ক্রম ৪) | একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্পটির টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। | প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে মূল কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | সওজ অধিদপ্তর |
| ২.১২ বরিশাল-ফরিদপুর (বরিশাল-ভাংগা-ফরিদপুর) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ<br>(প্রতিশ্রুতি ক্রম ২৬) | প্রকল্পটি বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণের লক্ষ্যে একটি প্রকল্প অনুমোদিত হয়েছে। ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হয়। প্রকল্পের মূল কার্যক্রম বাস্তবায়নের জন্য বৈদেশিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে ইআরডি'তে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(খ) বৈদেশিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে ইআরডিতে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সওজ অধিদপ্তর |
| ২.১৩ লক্ষ্মীপুর - শরীয়তপুর মহাসড়ক | ডিপিপি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য নিয়মিত পরিকল্পনা কমিশনে যোগাযোগ রক্ষা করার জন্য পরামর্শ দেয়া হয়। | ডিপিপি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য নিয়মিত পরিকল্পনা কমিশনের সহিত যোগাযোগ রক্ষা করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌলী, গোপালগঞ্জ জোন |
| ২.১৪ সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্প | সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/পুনর্গঠিত ডিপিপি যথাযথ ও উপযুক্ত তথ্যাদি সন্নিবেশ করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের উদ্যোগ নেয়ার জন্য পরামর্শ দেয়া হয়। আরো বলা হয় যে, ডিপিপি প্রণয়নকালে যেসব সার্ভে ও স্ট্যাডি করা দরকার তা সঠিকভাবে করা এবং যৌক্তিকভাবে ব্যয় প্রাক্কলন করা সমীচীন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। প্রকল্প প্রণয়নে দ্বৈততা পরিহারের জন্য সংস্থাকে পরামর্শ প্রদান করা হয়। সড়ক নিরাপত্তা বিশ্বমানে উন্নীত করার উদ্যোগ হিসেবে সরেজমিনে পরিদর্শনপূর্বক পর্যাপ্ত এবং আধুনিক সাইন সিগন্যালের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/ পুনর্গঠিত ডিপিপি/পিডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) ডিপিপি প্রণয়নকালে যেসব সার্ভে ও স্ট্যাডি করা দরকার তা সঠিকভাবে করতে হবে এবং যৌক্তিকভাবে ব্যয় প্রাক্কলন করতে হবে।<br>(গ) যে সকল প্রকল্প গ্রহণের জন্য স্ট্যাডি প্রকল্প/কার্যক্রম গ্রহণ করতে হবে তা অবিলম্বে শুরু করতে হবে।<br>ঘ) প্রকল্প প্রণয়নে দ্বৈততা পরিহার করতে হবে।<br>ঙ) সড়ক নিরাপত্তা বিশ্বমানে উন্নীত করার উদ্যোগ হিসেবে সরেজমিনে পরিদর্শনপূর্বক পর্যাপ্ত এবং আধুনিক সাইন সিগন্যালের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ২.১৫ পিডিপিপি | সভায় অবহিত করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত (ক্রম ২৬ ও ৩৭) প্রকল্পের পিডিপিপি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন এবং ৩৮(আংশিক), ৪২ ও ৫০ ক্রমভুক্ত প্রতিশ্রুত প্রকল্পের পিডিপিপি বৈদেশিক সহায়তা অনুসন্ধানের নিমিত্ত ইআরডিতে প্রক্রিয়াধীন। এছাড়া, নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ এবং নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত মহাসড়কাংশ এবং চট্টগ্রাম থেকে সমুদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত মহাসড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করার জন্যও সভায় পুনঃউল্লেখ করা হয়। এ বিষয়ে অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | (ক) নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত সড়কাংশ এবং চট্টগ্রামের সীতাকুন্ড থেকে সমুদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত সড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি জরুরি ভিত্তিতে শুরু করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| ২.১৬ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়ন করার ওপর সভায় গুরুত্বারোপ করা হয় এবং সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে সর্তক ও আরও যত্নশীল হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

৩. প্রকল্প বাস্তবায়নে আরো আন্তরিক ও তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করে এবং আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০২২.১৯. ২১৫

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬
২৭ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর

মোঃ সামীমুজ্জামান
উপপ্রধান